# স্বাগতম সবাইকে



Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT


# শিক্ষক পরিচিতি:


## আফরোজা ইয়াসমিন

## সহকারি শিক্ষক “আইসিটি”

Email: afroza.yeasmin2@gmail.com

চিতাইন দাখিল মাদ্রাসা
বেলাব, নরসিংদী



Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# পাঠ পরিচিতি-

**বাংলা- ১মপত্র**


**শ্রেণিঃনবম-দশম**

**সময়: ৪০ মিনিট**




Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# আজকের পাঠ-



## প্রবাস বন্ধু

সৈয়দ মুজতবা আলী

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# শিখন ফল-

- লেখক পরিচিতি জানতে পারবে;
- "প্রবাস বন্ধু" গল্পটি সম্পর্কে জানতে পারবে;
- স্বদেশ প্রেম ও অতিথিপরায়ণতা কি তা জানতে পারবে;
- শব্দার্থ শিখতে পারবে।

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# লেখক পরিচিতি-

জন্ম-

১৯০৪ সালে ১৩ই সেপ্টেম্বর

পৈতৃক নিবাস মৌলভীবাজারে

১৯২৬ সালে স্নাতক ডিগ্রি অর্জন করে



১৯৩২ সালে ডক্টরেট ডিগ্রি লাভ করেন

মৃত্যু-

১৯৭৪ সালে ১১ ই ফেব্রুয়ারি

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# গল্পের পাঠ পরিচিতি-

'প্রবাস বন্ধু' সৈয়দ মুজতবা আলীর 'দেশে বিদেশে' গ্রন্থের পঞ্চদশ অংশ। প্রতিবেশী দেশ আফগানিস্তানের ভূমি, পরিবেশ; সেখানকার মানুষ ও তাদের সহজ-সরল জীবনাচরণ, বিচিত্র খাদ্য ইত্যাদি হাস্যরসাত্মকভাবে এই রচনায় ফুটিয়ে তোলা হয়েছে। লেখকের আফগানিস্তান ভ্রমণের আংশিক অভিজ্ঞতার পরিচয় আছে এখানে। আফগানিস্তানের রাজধানী কাবুলের সন্নিকটে খাজামোল্লা নামক গ্রামে বাসের সময় আবদুর রহমান নামের একজন তাঁর দেখভালের দায়িত্বে ছিলেন। আফগান আবদুর রহমান চরিত্রের মধ্যে সরলতা, স্বদেশপ্রেম, অতিথিপরায়ণতা ফুটে উঠেছে। আবদুর রহমানের রান্না ও পরিবেশন করা খাবারের মধ্যে আফগানিস্তানের বিচিত্র ও সুস্বাদু খাদ্যবস্তুর পরিচয় পাওয়া যায়। আফগানিস্তানের প্রস্তরভূমি এবং একই সঙ্গে নিকট-প্রতিবেশী এই জনপদের বরফ-শীতল জলবায়ু আকর্ষণীয়। আবদুর রহমানের সরল আতিথেয়তায় কখনো লেখকের ধৈর্যচ্যুতি ঘটলেও শেষ অবধি সৈয়দ মুজতবা আলী একে গ্রহণ করেছেন শ্রদ্ধার সঙ্গে।

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# সরব পাঠ-
# সবাই মিলে গল্পটি পড়ব:

বাসা পেলুম কাবুল থেকে আড়াই মাইল দূরে খাজামোল্লা গ্রামে। বাসার সঙ্গে সঙ্গে চাকরও পেলুম।

অধ্যক্ষ জিরার জাতে ফরাসি। কাজেই কায়দামাফিক আলাপ করিয়ে দিয়ে বললেন, 'এর নাম আবদুর রহমান। আপনার সব কাজ করে দেবে– জুতো বুরুশ থেকে খুনখারাবি।' অর্থাৎ ইনি 'হরফন-মৌলা' বা 'সকল কাজের কাজি'।

জিরার সায়েব কাজের লোক, অর্থাৎ সমস্ত দিন কোনো-না-কোনো মন্ত্রীর দপ্তরে ঝগড়া-বচসা করে কাটান। কাবুলে এরই নাম কাজ। 'ওরভোয়া, বিকেলে দেখা হবে' বলে চলে গেলেন।

কাবুল শহরে আমি দুটি নরদানব দেখেছি। তার একটি আবদুর রহমান।

পরে ফিতে দিয়ে মেপে দেখেছিলুম ছ ফুট চার ইঞ্চি। উপস্থিত লক্ষ্য করলুম লম্বাই মিলিয়ে চওড়াই। দুখানা হাত হাঁটু পর্যন্ত নেমে এসেছে আঙুলগুলো দু কাঁদি মর্তমান কলা হয়ে ঝুলছে। পা দুখানা ডিঙি নৌকার সাইজ। কাঁধ দেখে মনে হলো, আমার বাবুর্চি আবদুর রহমান না হয়ে সে যদি আমীর আবদুর রহমান হত তবে অনায়াসে গোটা আফগানিস্থানের ভার বইতে পারত। এ কান ও কান জোড়া মুখ– হ্যাঁ করলে চওড়াচওড়ি কলা গিলতে পারে। এবড়ো-থেবড়ো নাক-কপাল নেই। পাগড়ি থাকায় মাথার আকার-প্রকার ঠাহর হলো না, তবে আন্দাজ করলুম বেবি সাইজের হ্যাটও কান অবধি পৌঁছবে।

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# শব্দের অর্থ-

ও রভোয়া – ফরাসি ভাষার বাক্যবন্ধ। অর্থ : আবার দেখা হবে

মর্তমান কলা – মায়ানমারের মার্তাবান দ্বীপে উৎপন্ন কলার জাত

পান্তুয়া – চিনির রসে ভেজানো ঘিয়ে ভাজা রসগোল্লা জাতীয় মিষ্টি

বারকোশ – কাঠের তৈরি কানা উঁচু বড় থালা

রুজ – গাল রাঙানোর প্রসাধনী

বপু – বড় দেহ।

তনু – ক্ষীণ দেহ

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# মূল্যায়ণ-

- ✓ "প্রবাস বন্ধু" গল্পের লেখক কে?
- ✓ অতিথিপরায়ণ কি?
- ✓ বপু শব্দের অর্থ কি?
- ✓ "প্রবাস বন্ধু" গল্পটি কোন গ্রন্থ থেকে নেয়া হযেছে?
- ✓ লেখকের কোন দেশ ভ্রমনের কথা উল্লেখ আছে গল্পে?

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

১। ‘তন্বী’ শব্দের অর্থ কী?

ক. বড় দেহ
খ. ক্ষীণ দেহ
গ. তিরস্কার
ঘ. পুনরায়

২। আবদুর রহমানকে লেখক নরদানব বলেছেন কেন?

ক. আচরণের জন্য
খ. শারীরিক গঠনের জন্য
গ. বেশি রান্নার জন্য
ঘ. বেশি খাওয়ার জন্য

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# দলীয় কাজ-

গ্রীষ্মকাল ও শীতকালের ভ্রমণের সুবিধা অসুবিধাগুলো লেখ

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT



# কাজ-

তোমার এলাকায় শীতকালের যে প্রাকৃতিক অবস্থা সৃষ্টি হয় তার পরিচয় দাও।

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT

# ধন্যবাদ

Prepare By-
Afroza Yeasmin
Asst. Teacher, ICT